রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২১, ২০২২

## ৬ষ্ঠ খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**চিরিরবন্দর, দিনাজপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ০৫.৫৫.২৭৩০.০০০.০৪.০০১.২২-২৩০**—যেহেতু, দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন ১২ নং আলোকডিহি ইউনিয়ন পরিষদের আওতাধীন ৪নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য জনাব মোঃ আব্দুর রশিদ গত ১২-০২-২০২২ খ্রিঃ হার্ট এটাকজনিত কারণে এম আব্দুর রহিম মেডিকেল কলেজ ও হাসপাতাল এ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন' ২০০৯ এর ৩৫ (১)(ঙ) নং বিধি অনুযায়ী মৃত্যুজনিত কারণে ৩৫ (২) ধারায় অর্পিত ক্ষমতাবলে আমি আয়েশা সিদ্দীকা, উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর, ১২ নং আলোকডিহি ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ১২-০২-২০২২ খ্রিঃ হতে শূন্য ঘোষণা করলাম।

**আয়েশা সিদ্দীকা**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ০৮.০১.৬০০০.০০৪.১৯.০০১.১১ (অংশ-১)/৪৪৬**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ সদ্য পদোন্নতিপ্রাপ্ত নিচে উল্লিখিত রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ)-গণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো:

| ক্রঃ নং | নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব মির্জা সাঈদ হাসান ফরমান, ০১-০২-১৯৮৯ | সদ্য পদোন্নতিপ্রাপ্ত | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার সদর সার্কেল, মৌলভীবাজার। |
| ২. | জনাব মোঃ আরিফ মিয়া, ২৮-১২-১৯৮৬ | সদ্য পদোন্নতিপ্রাপ্ত | বড়ছড়া এলসি স্টেশন। |
| ৩. | জনাব মোঃ রোকন উদ্দিন, ১২-০১-১৯৮৬ | সদ্য পদোন্নতিপ্রাপ্ত | এয়ারফ্রেইট ইউনিট, সিলেট। |
| ৪. | জনাব মোঃ সাখাওয়াত হোসেন, ২৮-১১-১৯৮৪ | সদ্য পদোন্নতিপ্রাপ্ত | শায়েস্তাগঞ্জ এলসি স্টেশন, প্রেষণে-সদর দপ্তর, সিলেট। |
| ৫. | জনাব মোঃ কবির উদ্দিন, ০৩-১২-১৯৮৮ | সদ্য পদোন্নতিপ্রাপ্ত | শাহবাজপুর এলসি স্টেশন, প্রেষণে-সদর দপ্তর, সিলেট। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩১ জানুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ০৮.০১.৬০০০.০০৪.১৯.০৩৮.১১ (অংশ-২)/৪১০**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত নিচে বর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | নতুন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, ২০-১০-১৯৭৯ | আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ | সদর দপ্তর, সিলেট |
| ২. | জনাব ফরহাদ রায়হান, ০২-০৪-১৯৮৯ | সদর দপ্তর, সিলেট | আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ আহ্‌সানুল হক**
কমিশনার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২২/১৪ ফাল্গুন ১৪২৮

**নং ০৫.৪২.৮৪৮৭.০০০.০৫.০০৮.২০-৪৭৫/১**—৪নং কুতুকছড়ি ইউনিয়ন পরিষদ কার্যালয়, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা'র ২২-০২-২০২২ খ্রিঃ তারিখের ৪২ নং স্মারক প্রাপ্ত পত্রমূলে জানা যায় ৪নং কুতুকছড়ি ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য জনাব সুবল চন্দ্র চাকমা, পিতা-মৃত বিনি মোহন চাকমা, মাতা-মৃত বিজন মালা চাকমা, গ্রাম-কুতুকছড়ি উপর পাড়া, কুতুকছড়ি ইউনিয়ন, রাঙ্গামাটি সদর গত ২১-০২-২০২২ খ্রিঃ তারিখ ভোর ৫.০০ টায় হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। আমি নাজমা বিনতে আমিন, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৩৫ ধারার ২ উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, রাঙ্গামাটি পার্বত্য জেলার সদর উপজেলার ০৪ নং কুতুকছড়ি ইউনিয়ন পরিষদ এর ৪নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য জনাব সুবল চন্দ্র চাকমা মৃত্যুবরণ করায় ২৭-০২-২০২২ খ্রিঃ তারিখ হতে রাঙ্গামাটি পার্বত্য জেলার সদর উপজেলার ০৪ নং কুতুকছড়ি ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ার্ডের ''সাধারণ সদস্য" পদটি শূন্য ঘোষণা করলাম।

**নাজমা বিনতে আমিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রায়পুরা, নরসিংদী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪ জানুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.২০৪.১২-৮৭**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার চান্দেরকান্দি ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের (সাধারণ আসন) নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য আসাদ মিয়া, পিতা : নওয়াজ আলী, মাতা: করফুল নেছা, গ্রাম-বড়কান্দা, পোঃ-শ্রীনিধি, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী হৃদরোগে আক্রান্ত হয়ে বিগত ১৮-০১-২০২২ খ্রিঃ তারিখ বেলা ১.৪০ মিনিটে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সাধারণ সদস্য হিসেবে শপথ গ্রহণের পূর্বেই ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে.................... ....রাজেউন)।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩৫(ঙ) এর ২ উপ-ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ আজগর হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী উক্ত ১৮-০১-২০২২ খ্রিঃ তারিখ হতে নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার চান্দেরকান্দি ইউনিয়নের ৪নং ওয়ার্ডের (সাধারণ আসন) ইউনিয়ন পরিষদ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আজগর হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**তারাগঞ্জ, রংপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৭ জানুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ০৫.৫৫.৮৫০০.০৯২.০৫.০১৬.২২-৫৯(১০)**—যেহেতু, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলার ২নং কুর্শা ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য শ্রী কৃষ্ণ চন্দ্র সেন, পিতা-শ্রী ক্ষিতিস চন্দ্র সেন, মাতা-বীনা রানী, সাং-পলাশবাড়ী, ডাকঘর-তারাগঞ্জ, উপজেলা-তারাগঞ্জ, জেলা-রংপুর। তিনি গত ২৫-০১-২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার রাত ০১:৩০ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুরে মৃত্যুবরণ করেন।

সেহেতু, আমি মোঃ রাসেল মিয়া, উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) উপ-ধারা (১) অনুযায়ী আমার উপর প্রদত্ত ক্ষমতাবলে তারাগঞ্জ উপজেলার ২নং কুর্শা ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য পদটি ২৫ জানুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ রাসেল মিয়া**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কামারখন্দ, সিরাজগঞ্জ ।**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ: ০৭ ফাল্গুন ১৪২৮ ব:/২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ০৫.৪৩.৮৮৪৪.০০২.৩৪.০০৫.২০২০-১৫০**—সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলাধীন জামতৈল ইউপি চেয়ারম্যানের ১৬-০২-২০২২ খ্রিঃ তারিখের জইপ/২২/৩৯ নম্বর স্মারক পত্রের আলোকে ৩নং জামতৈল ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ সেলিম উদ্দিন, পিতা-মৃত মোয়াজ্জেম হোসেন, মাতা: রোকেয়া, গ্রাম: চরকুড়া, ডাকঘর: বড়কুড়া, উপজেলা: কামারখন্দ, জেলা: সিরাজগঞ্জ গত ১৪-০২-২০২২ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ................রাজিউন)।

২। এমতাবস্থায়, তার মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারা এর উপ-ধারা (২) এর ক্ষমতাবলে আমি মোছাঃ মেরিনা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ এই বিজ্ঞপ্তির মাধ্যমে কামারখন্দ উপজেলাধীন ৩নং জামতৈল ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি গত ১৪-০২-২০২২ খ্রিঃ তারিখ হইতে শূন্য ঘোষণা করলাম।

**মোছাঃ মেরিনা সুলতানা**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮/২৮ ফেব্রুয়ারি ২০২২

**নং ০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.২১.২১৫**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বদলি/পদায়ন করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | জনাব উম্মে তাবাসসুম (পরিচিতি নং-১৭৭৪০) নিজ জেলা: বাগেরহাট | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত। পূর্ববর্তী কর্মস্থল: ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ। |
| ২. | জনাব আসমা খাতুন (পরিচিতি নং-১৭৭৭৮) নিজ জেলা: রাজশাহী। | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত। পূর্ববর্তী কর্মস্থল: সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ। |

২। বদলি/পদায়নকৃত কর্মকর্তাদ্বয় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। পদায়নকৃত কর্মকর্তাদ্বয়কে ২৮-০২-২০২২ তারিখ অপরাহ্ণে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। ক্রমিক নং-১ এ বর্ণিত কর্মকর্তা গত ১৫-০২-২০২২ তারিখ এবং ক্রমিক নং-২ এ বর্ণিত কর্মকর্তা গত ২০-০২-২০২২ তারিখ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদান করেন। তাদেরকে এ কার্যালয় হতে কোনো বেতন ভাতা প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ নাছিম রেজা**
সহকারী কমিশনার।

---

**অতিরিক্ত পরিচালকের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।**

**অফিস আদেশ**

তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২২

**নং ১২.১৬.১৯০০.০৩৯.১৯.০৮২.২২-৩০৪**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা'র অধীন কর্মরত বিসিএস (কৃষি) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে একই বেতন স্কেল ও সমপদ মর্যাদায় তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলিযোগে পদায়ন করা হলো।

জনাব চিন্ময় কর অপু, পরিচিতি নং-৩৬১৩, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া—কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আমিনুল ইসলাম**
অতিরিক্ত পরিচালক।

**উপজেরা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নীলফামারী সদর, নীলফামারী।**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৭.০২৩.১৫.২০-১৫৩**—সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করছি যে, নীলফামারী সদর উপজেলাধীন ১৩নং চড়াইখোলা ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ মাহফুজ আনাম গত ২৯-০১-২০২২ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেছেন।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ ধারা এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্য (পদত্যাগ, অপসারণ ও পদ শূন্য) বিধিমালায় বর্ণিত ক্ষমতাবলে বর্ণিত সদস্যের মৃত্যুজনিত কারণে আমি জেসমিন নাহার, উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর, নীলফামারী ২৯-০১-২০২২ খ্রিঃ তারিখ হতে ১৩নং চড়াইখোলা ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**জেসমিন নাহার**
উপজেলা নির্বাহী অফিসার।

**জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৮/২৮ ফেব্রুয়ারি ২০২২

**নং ৩১.১০.০৪০০.১০৯.৩৪.০১২.১১-১৭**—The (Emergency) Requisition of Property Act, 1948 (East Bengal Act. XIII of 1948) এর ২(১) ধারা ও The Acquisition And Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No II of 1982) এর ২(বি) ধারা অনুসারে এবং ভূমি মন্ত্রণালয়ের ০৯-০৫-১৯৯৪ তারিখের ভূঃমঃ/শা-১২-১২/৯৪/২১১(৬৪) নম্বর স্মারকের আদেশবলে আমি হাবিবুর রহমান, জেলা প্রশাসক, বরগুনা ক্ষমতাবান হয়ে জনাব মোঃ মেহেদী হাসান (১৮৬৩৩), সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, বরগুনাকে বর্ণিত আইন ও অধ্যাদেশ মোতাবেক জেলা প্রশাসকের পক্ষে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করার জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তা'র ক্ষমতা অর্পণ করলাম। এ অফিসের ২৬ আগস্ট ২০২১ তারিখের ৩১.১০. ০৪০০.১০৯.৩৪.০১২.১১.১১১/১(৯) নম্বর স্মারকে বর্ণিত আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

**হাবিবুর রহমান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

**[১৩(২) ধারা মোতাবেক]**

**(স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর এল এ মামলা নম্বর ০৩/২০২০-২১**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে মর্মে গণ্য করা হইয়াছে।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-পঞ্চগড়, উপজেলা-পঞ্চগড় সদর, মৌজা-সাতমেড়া, জে,এল নং-০২।

| এস এ খতিয়ান নম্বর | এস এ দাগ নং নম্বর | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমি (একরে) |
|---|---|---|---|---|---|
| ১৭৮ | ২৫৭ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.১৭০০ | ০.০২৬৬ |
| ১৭০ | ২৬৯ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২৮০০ | ০.০৪১৬ |
| ১৯৭ | ২৬৮ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০৩০০ | ০.০৩০০ |
| ১৪০ | ২৬৭ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২২০০ | ০.০৮৪০ |
| ১৯৭ | ২৬৬ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০৪০০ | ০.০৪০০ |
| ১৯৪ | ২৬৪ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২৫০০ | ০.১২১৭ |
| ১৬৫ | ২৭৫ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৫৩০০ | ০.০৫৪৮ |
| ৪৫৭ | ৬১৪ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০৬০০ | ০.০৬০০ |
| ৫২৭ | ৬১৩ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০৮০০ | ০.০৩৭১ |
| ১ | ২৭৭ | রাস্তা | রাস্তা | ০.৮৮০০ | ০.০১৮১ |
| ৪৪৪ | ৫৬২ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২২০০ | ০.১৯৪১ |
| ৫০২ | ৫৬১ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৩০০০ | ০.৩০০০ |
| ৪৫৭ | ৪৯৩ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.১৫০০ | ০.১৫০০ |

| এস এ খতিয়ান নম্বর | এস এ দাগ নং নম্বর | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমি (একরে) |
|---|---|---|---|---|---|
| ৪৭৮ | ৪৯২ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.১৮০০ | ০.১৬৬৮ |
| ৫২৭ | ৪৯১ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.১৭০০ | ০.০০৫০ |
| ৪৬৮ | ৪৯৪ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২৪০০ | ০.২৪০০ |
| ৫২৫ | ৪৮৭ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৯২০০ | ০.০২৫৪ |
| ৪৫৭ | ৪৯৮ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৪৫০০ | ০.২৭৭৩ |
| ৫২৭ | ৪৯৯ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৪৬০০ | ০.১৮৮০ |
| ৫০২ | ৫০০ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৯৬০০ | ০.০৫৮৫ |
| ৫১৯ | ৪৯৭ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.১৬০০ | ০.১৬০০ |
| ৪৬৫ | ৫১৮ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০৮০০ | ০.০৪১১ |
| ৪৬৮ | ৪৯৬ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২৬০০ | ০.৩২৭৬ |
| ৪৬৫ | ৫১৯ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২৬০০ | ০.০১৫০ |
| ৪৯৭ | ৫২১ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৮৪০০ | ০.৬৫৪৭ |
| ৪৩০ | ৫২৪ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৫২০০ | ০.৪০৬৫ |
| ৪৪২ | ৫২৮ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০৫০০ | ০.০৫০০ |
| ৪৪৪ | ৫২৭ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৩৯০০ | ০.৩০১৩ |
| ৫২৭ | ১৫৮৮ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.১০০০ | ০.১০০০ |
| ৪৭৮ | ১৫৮৯ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.১৯০০ | ০.১৯০০ |
| ৪৭৮ | ১৫৯০ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২২০০ | ০.২২০০ |
| ৫২৭ | ১৫৯১ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.২৩০০ | ০.১৯০৩ |
| ৪৫৭ | ১৫৯২ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৪৩০০ | ০.০৭৪৮ |
| ৫২১ | ১৫৯৬ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৮৮০০ | ০.৭৭৯০ |
| ৫২০ | ১৫৯৫ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৫৫০০ | ০.০০৫০ |
| ৪৯৭ | ১৫৯৮ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৭৯০০ | ০.২৬২০ |
| ৫০১ | ১৫৯৯ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৬৪০০ | ০.২৬৮৭ |
| ৫১৯ | ১৬০০ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০২০০ | ০.০২০০ |
| ৪৪২ | ১৬০১ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.০৩০০ | ০.০৩০০ |
| ৫২১ | ৩৮৯৯ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৯৩০০ | ০.৪৩৫০ |
| ৪৪৪ | ৩৯০০ | ডাঙ্গা | ডাঙ্গা | ০.৩৪০০ | ০.০৪০০ |
| | | | | **মোট =** | **৬.৬৯০০ একর** |

**মোঃ জহুরুল ইসলাম**
জেলা প্রশাসক।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।**

**এসএ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/০১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-১৮**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | জনাব জান্নাতুল আফরোজ স্বর্ণা (১৮০১৮)<br>সহকারী কমিশনার (ভূমি), নিজ জেলা-গোপালগঞ্জ। | উপজেলা ভূমি অফিস<br>চিতলমারী, বাগেরহাট। | উপজেলা ভূমি অফিস<br>বটিয়াঘাটা, খুলনা। |

২। বর্ণিত কর্মকর্তা নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পনের মঞ্জুরি জ্ঞাপন করা হলো। বর্ণিত কর্মকর্তা আগামী ১০-০৩-২০২২ খ্রিঃ তারিখে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**অনুপ দাশ**
সিনিয়র সহকারী কমিশনার।

**(মাঠ প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/০১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৪.২২-৯৩**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কমস্থলে নির্দেশক্রমে এতদ্দারা বদলি/পদায়ন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম পরিচিতি নং, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান পদবি ও কর্মস্থল | বদলিকৃত/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | জনাব ভুপালী সরকার (১৮১৩৭)<br>নিজ জেলা : সাতক্ষীরা<br>স্পাউসের জেলা : সাতক্ষীরা | জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.২২-৯২**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম পরিচিতি নং, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান পদবি ও কর্মস্থল | বদলিকৃত/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | জনাব নারায়ন চন্দ্র পাল (১৭৭৩৩)<br>নিজ জেলা : ফরিদপুর<br>স্পাউসের জেলা : মাগুরা | রেভিনিউ ডেপুটি কালেক্টর জেলা প্রশাসকের কার্যালয়, যশোর (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-১২-২০২১ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৮.২০-৩৬৬ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত) | উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল। |
| | জনাব সুস্মিতা সাহা (১৭৭৩৪)<br>নিজ জেলা : নড়াইল<br>স্পাউসের জেলা : নড়াইল | সহকারী পরিচালক, আরপিএটিসি, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০২-২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৮.২০-১১৫ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্তকৃত) | উপজেলা নির্বাহী অফিসার হরিণাকুন্ডু, ঝিনাইদহ। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৪.২২-৯১**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম পরিচিতি নং, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান পদবি ও কর্মস্থল | বদলিকৃত/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | জনাব কৃষ্ণা রায় (১৭৯৪৯)<br>নিজ জেলা : বাগেরহাট | জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা। |

২। বদলিকৃত কর্মকর্তা আগামী ০৫-০৩-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৪.২২-৮২**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম পরিচিতি নং, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান পদবি ও কর্মস্থল | বদলিকৃত/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | জনাব অপ্রতিম কুমার চক্রবর্ত্তী (১৮৯৩২)<br>নিজ জেলা : যশোর<br>স্পাউসের জেলা : কুড়িগ্রাম | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-০১-২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০২০.২১-৪৫০ নং প্রজ্ঞাপনে বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় ন্যস্তকৃত) | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |

২। বর্ণিত কর্মকর্তা আগামী ২২-০২-২০২২ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি।

৩। উক্ত কর্মকর্তা ২৭-০২-২০২২ খ্রিঃ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে

**অনুপ দাশ**

সিনিয়র সহকারী কমিশনার।

## জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
## স্থানীয় সরকার শাখা

### বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০২/২০২২　　　　　তারিখ: ২০ জুন, ২০২২ খ্রি.

আমি দেওয়ান মাহবুবুর রহমান, জেলা প্রশাসক, নোয়াখালী ও সীমা নির্ধারণ কর্মকর্তা, আমার উপর অর্পিত ক্ষমতাবলে জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯নং আইন) এর ধারা-১৬, জেলা পরিষদ (ওয়ার্ডের সীমা নির্ধারণ) বিধিমালা, ২০১৬ এবং জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২২ মোতাবেক এ কার্যালয়ের ১০-০৫-২০২২খ্রি. তারিখের ৪৬.৪২.৭৫০০.০০৯.১৬. ০৩১. ১৬ ৬০(২০) স্মারকে নোয়াখালী জেলা পরিষদের সীমানা নির্ধারণের প্রাথমিক তালিকা প্রকাশ করি। উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কোনো আপত্তি না পাওয়ায় নোয়াখালী জেলা পরিষদের সীমানা চূড়ান্তভাবে নির্ধারণ করিয়া সর্বসাধারণের জন্য প্রকাশ করিলাম:

| ওয়ার্ড নং | যে উপজেলার অন্তর্ভুক্ত তাহার নাম | ওয়ার্ডের অন্তর্ভুক্ত এলাকাসমূহের নাম |
|---|---|---|
| ০১ | চাটখিল | ১। সাহাপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>২। রামনারায়ণপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। পরকোট ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। বদলকোট ইউনিয়ন সমগ্র এলাকা<br>৫। মোহাম্মদপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। পাঁচগাঁও ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। হাটপুকুরিয়া-ঘাটলাবাগ ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। নোয়াখলা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৯। খিলপাড়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>১০। চাটখিল পৌরসভা সমগ্র এলাকা |
| ০২ | সোনাইমুড়ী | ১। জয়াগ ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>২। নদনা ইউনয়িন পরিষদ সমগ্র এলাকা<br>৩। চাষীর হাট ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। বারগাঁও ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>৫। অম্বননগর ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>৬। নাটেশ্বর ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>৭। বজরা ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>৮। সোনাপুর ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>৯। দেওটি ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>১০। আমিশাপাড়া ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>১১। সোনাইমুড়ী পৌরসভা সমগ্র এলাকা |
| ০৩ | সেনবাগ | ১। ছাতারপাইয়া ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>২। কেশাড়পাড় ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। ডমুরুয়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। কাদরা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৫। অর্জুনতলা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। কাবিলপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। মোহাম্মদপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। বিজবাগ ইউনিয়ন সমগ্র এলাকা<br>৯। নবীপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১০। সেনবাগ পৌরসভা সমগ্র এলাকা |
| ০৪ | বেগমগঞ্জ | ১। আমানউল্যাপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>২। গোপালপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। জিরতলী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। আলাইয়ারপুর ইউনিয়ন সমগ্র এলাকা |

| ওয়ার্ড নং | যে উপজেলার অন্তর্ভুক্ত তাহার নাম | ওয়ার্ডের অন্তর্ভুক্ত এলাকাসমূহের নাম |
|---|---|---|
| ০৪ | বেগমগঞ্জ | ৫। ছয়ানী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। রাজগঞ্জ ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। একলাশপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। বেগমগঞ্জ ইউনিয়ন সমগ্র এলাকা<br>৯। মিরওয়ারিশপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১০। নরোত্তমপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১১। দুর্গাপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১২। কুতুবপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১৩। রসুলপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১৪। হাজীপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১৫। শরীফপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১৬। কাদিরপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১৭। চৌমুহনী পৌরসভা সমগ্র এলাকা |
| ০৫ | নোয়াখালী সদর | ১। চরমটুয়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>২। দাদপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। নোয়ান্নই ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। কাদির হানিফ ইউনিয়ন সমগ্র এলাকা<br>৫। বিনোদপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। নোয়াখালী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। ধর্মপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। এওজবালিয়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>৯। কালাদরাপ ইউনিয়ন সমগ্র এলাকা<br>১০। অশ্বদিয়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>১১। নেওয়াজপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১২। পূর্ব চর মটুয়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>১৩। ২০ নং আন্ডার চর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১৪। নোয়াখালী পৌরসভা |
| ০৬ | কবিরহাট | ১। নরোত্তমপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>২। সুন্দলপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। ধানসিঁড়ি ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। ঘোষবাগ ইউনিয়ন সমগ্র এলাকা<br>৫। চাপরাশিরহাট ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। ধানশালিক ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। বাটইয়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। কবিরহাট পৌরসভা সমগ্র এলাকা |
| ০৭ | কোম্পানীগঞ্জ | ১। সিরাজপুর ইউনিয়ন পরিষদ সমগ্র এলাকা<br>২। চরপার্বতী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। চরহাজারী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। চরকাঁকড়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>৫। রামপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। চর ফকিরা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। মুছাপুর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। চর এলাহী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৯। বসুরহাট পৌরসভা সমগ্র এলাকা |

| ওয়ার্ড নং | যে উপজেলার অন্তর্ভূক্ত তাহার নাম | ওয়ার্ডের অন্তর্ভূক্ত এলাকাসমূহের নাম |
|---|---|---|
| ০৮ | সুবর্ণচর | ১। চরজব্বর ইউনিয়ন সমগ্র এলাকা<br>২। চরবাটা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। চরক্লার্ক ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। চরওয়াপদা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৫। চরজুবলী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। চর আমানউল্যা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। পূর্বচরবাটা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। মোহাম্মদপুর ইউনিয়ন সমগ্র এলাকা |
| ০৯ | হাতিয়া | ১। হরনী ইউনিয়ন সমগ্র এলাকা<br>২। চানন্দী ইউনিয়ন সমগ্র এলাকা<br>৩। সুখচর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৪। নলচিরা ইউনিয়ন সমগ্র এলাকা<br>৫। চরঈশ্বর ইউনিয়ন সমগ্র এলাকা<br>৬। চর কিং ইউনিয়ন সমগ্র এলাকা<br>৭। তমরদ্দি ইউনিয়ন সমগ্র এলাকা<br>৮। সোনাদিয়া ইউনিয়ন সমগ্র এলাকা<br>৯। বুড়িরচর ইউনিয়ন সমগ্র এলাকা<br>১০। জাহাজমারা ইউনিয়ন সমগ্র এলাকা<br>১১। নিঝুমদ্বীপ ইউনিয়ন সমগ্র এলাকা<br>১২। হাতিয়া পৌরসভা সমগ্র এলাকা |

| ওয়ার্ড নং | যে উপজেলার অন্তর্ভূক্ত তাহার নাম | ওয়ার্ডের অন্তর্ভূক্ত এলাকাসমূহের নাম |
|---|---|---|
| সংরক্ষিত ওয়ার্ড নং-০১ | চাটখিল (সমগ্র),<br>সোনাইমুড়ী (সমগ্র)<br>সেনবাগ (সমগ্র) | ০১, ০২ ও ০৩ ওয়ার্ডভুক্ত সমগ্র এলাকা |
| সংরক্ষিত ওয়ার্ড নং-০২ | বেগমগঞ্জ (সমগ্র),<br>কবিরহাট (সমগ্র)<br>কোম্পানীগঞ্জ (সমগ্র) | ০৪, ০৬ ও ০৭ ওয়ার্ডভুক্ত সমগ্র এলাকা |
| সংরক্ষিত ওয়ার্ড নং-০৩ | নোয়াখালী সদর (সমগ্র)<br>সুবর্ণচর (সমগ্র)<br>হাতিয়া (সমগ্র) | ০৫, ০৮ ও ০৯ ওয়ার্ডভুক্ত সমগ্র এলাকা |

**দেওয়ান মাহবুবুর রহমান**
জেলা প্রশাসক, নোয়াখালী
ও সীমা নির্ধারণ কর্মকর্তা।

---

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়**
**(প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জুন ২০২২ খ্রিঃ

**নং ৩৫.০৩.০০০০.০০১.১২.০৭০.২১-১০০৯**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ০৮-০৬-২০২২ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১১৩.১২.০১০.২২-৩৫ নং স্মারকের সুপারিশ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৬-০৬-২০২২ খ্রিঃ তারিখের ৩৫.০০.০০০০.০২০.১২.০১০.২২-২৯২ নং স্মারক মোতাবেক নিম্নবর্ণিত ১০(দশ) জন সহকারী রাজস্ব কর্মকর্তা-কে শর্তসাপেক্ষে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর বেতনক্রম ২২,০০০—৫৩,০৬০ টাকায় ও তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ ৯ম গ্রেডের সহকারী পরিচালক (সাধারণ) পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদানপূর্বক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

| ক্রম | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব কাজী মোঃ শামছুল হক<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, বরিশাল সার্কেল, বরিশাল | বিআরটিএ, বিভাগীয় কার্যালয়, বরিশাল |
| ২. | জনাব দে: মোঃ আলমাছ হোসাইন<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, ঢাকা মেট্রো-২ সার্কেল, ঢাকা | প্রশিক্ষণ শাখা-১, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা |
| ৩. | জনাব মোঃ আলমগীর কবীর<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা | অডিট ও তদন্ত শাখা, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা |
| ৪. | জনাব মোঃ নজরুল ইসলাম<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | ঢাকা মেট্রো-১ সার্কেল, (সংযুক্ত বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা) | রোড সেফটি শাখা-১, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা |
| ৫. | জনাব মোঃ আমীর খসরু ভূঁইয়া<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, ময়মনসিংহ সার্কেল, ময়মনসিংহ | বিআরটিএ চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম |
| ৬. | জনাব আব্দুল আউয়াল<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, ঢাকা সার্কেল | বিআরটিএ সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট |

| ক্রম | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ৭. | জনাব মোঃ নজির উদ্দিন<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, রাজশাহী সার্কেল, রাজশাহী | বিআরটিএ, রাজশাহী বিভাগীয় কার্যালয়, রাজশাহী |
| ৮. | জনাব মোঃ ওবায়দুল হক<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, ঢাকা জেলা সার্কেল (সংযুক্ত: প্রশাসন শাখা, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা) | সাধারণ সেবা শাখা, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা |
| ৯. | জনাব নাঈমা বেগম<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, ঢাকা মেট্রো-৩ সার্কেল | আইন শাখা, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা |
| ১০. | জনাব মোঃ সিরাজুল ইসলাম<br>সহকারী রাজস্ব কর্মকর্তা | সহকারী পরিচালক (সাধারণ) | বিআরটিএ, কুমিল্লা সার্কেল | বিআরটিএ, বিভাগীয় অফিস, ময়মনসিংহ |

**শর্তাবলী:**

(ক) পদোন্নতির তারিখ থেকে ০১(এক) বৎসর শিক্ষানবিশকাল হিসেবে কাজ করতে হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিশের মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিশকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কিংবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে সেক্ষেত্রে কর্তৃপক্ষ তাকে মূল পদে প্রত্যাবর্তন করতে পারবেন।

(গ) শিক্ষানবিশকালের মেয়াদ সন্তোষজনকভাবে উত্তীর্ণের পর বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ (সংশোধিত) এর ৬(৩) বিধি মোতাবেক পদোন্নতিকৃত পদে তাকে/তাদেরকে স্থায়ী করা হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নূর মোহাম্মদ মজুমদার**
চেয়ারম্যান।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মনপুরা, ভোলা।**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ০৩ জুলাই ২০২২ খ্রিঃ

**নং ০৫.১০.০৯৬৫.০০০.০৩.০১৮.০১২.২২.২৯৪(১২)** —জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের ১৮-০৪-২০২২ খ্রি. তারিখের ০৫.১০.০৯০০.০০৪.০৩.০০৪.১২.-৩০৭(১৬২) নং স্মারক মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১২(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি আল-নোমান উপজেলা নির্বাহী অফিসার (অতিঃ দাঃ) মনপুরা, ভোলা অত্র উপজেলাধীন ০১ নং মনপুরা ইউনিয়নের ওয়ার্ড বিভক্তির নিমিত্তে অত্র কার্যালয়ের ১২-০৫-২০২২ খ্রি.তারিখের ০৫.১০.০৯৬৫.০০০.১৮.০১২.২২-২২০/২ নং স্মারক মারফত ডিলিমিটেশন অফিসার নিয়োগ করি। ডিলিমিটেশন অফিসার স্থানীয় সরকার ( ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ১৩ ধারার বিধান অনুযায়ী ০১ মনপুরা ইউনিয়নের ওয়ার্ড বিভক্তির চূড়ান্ত/প্রস্তাবিত তালিকা প্রকাশ করেছেন।

এক্ষণে, আমি আল-নোমান উপজেলা নির্বাহী অফিসার (অতিঃ দাঃ), মনপুরা, ভোলা স্থানীয় সরকার ( ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩ ধারার বিধান মতে মনপুরা উপজেলাধীন ০১নং মনপুরা ইউনিয়নের ওয়ার্ড বিভক্তির চূড়ান্ত/প্রস্তাবিত তালিকা প্রকাশ করলাম:

| ক্রঃ নং | ওয়ার্ড নং | মৌজার নাম | জে,এল নং | জনসংখ্যা/ ভোটার সংখ্যা | ওয়ার্ডের সীমানা | সাবেক ওয়ার্ড | সংরক্ষিত আসনের ওয়ার্ড | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১নং ওয়ার্ড | আন্দির পাড় | ৫৮ | - | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তরে: মেঘনা নদী<br>দক্ষিণে: পশ্চিমে শহীদ বেপারীর বাড়ি হয়ে কামাল চৌধুরীর পুকুরের দক্ষিণ পাড় দিয়ে হেলাল মিয়ার উত্তর পাশ হয়ে ভূইয়া বাড়ি হয়ে পূর্বে জসীমের বাড়ি হয়ে মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের ৫ ও ৬ নং ওয়ার্ড এর আংশিক উত্তর অংশ | ১, ২, ৩ নং সাধারণ ওয়ার্ড নিয়ে ১নং সংরক্ষিত আসন | |
| ২ | ২নং ওয়ার্ড | কুলাগাজীর তালুক | ৫৯ | – | পূর্বে: ডিসি রোড<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তরে: শহীদ বেপারীর বাড়ির দক্ষিণ পার্শ্ব হয়ে শুভর বাড়ি হয়ে পূর্বে ডিসি রোড<br>দক্ষিণে: নোয়াখালের উত্তর পাড় | ৬নং ওয়ার্ডের পশ্চিম অংশ | | |
| ৩ | ৩নং ওয়ার্ড | কুলাগাজীর তালুক | ৫৯ | – | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: ডিসি রোড<br>উত্তর-পূর্বে রফিক মাঝির বাড়ি হতে ভূঁইয়া বাড়ির দক্ষিণ পার্শ্ব দিয়ে হেলাল মিয়ার বাড়ি হয়ে পশ্চিমে ডিসি রোড | ৬নং ওয়ার্ডের পূর্ব অংশ | | |

| ক্রঃ নং | ওয়ার্ড নং | মৌজার নাম | জে,এল নং | জনসংখ্যা/ ভোটার সংখ্যা | ওয়ার্ডের সীমানা | সাবেক ওয়ার্ড | সংরক্ষিত আসনের ওয়ার্ড | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ৪নং ওয়ার্ড | কুলাগাজীর তালুক | ৫৯ | – | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: ডিসি রোড<br>উত্তর: নোয়া খালের দক্ষিণ পাড়<br>দক্ষিণে: মনপুরা হাইস্কুল হতে ধীরেন্দ্র খনকার বাড়ি হয়ে পূর্বে লোকমান মাঝির বাড়ি হয়ে পূর্বে মেঘনা নদী | ৭নং ওয়ার্ডের পূর্ব অংশ | ৪, ৫, ৬ নং সাধারণ ওয়ার্ড নিয়ে ২নং সংরক্ষিত আসন | |
| ৫ | ৫নং ওয়ার্ড | কুলাগাজীর তালুক | ৫৯ | – | পূর্বে: ডিসি রোড<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তর: নোয়া খালের দক্ষিণ পাড়<br>দক্ষিণে: রফিকের বাড়ি হতে সামসুদ্দিন মাষ্টার বাড়ির উত্তর | সাবেক ওয়ার্ড ও ৭ নং ওয়ার্ডের পশ্চিম অংশ | | |
| ৬ | ৬নং ওয়ার্ড | ঈশ্বরগঞ্জ | ৬১ | – | পূর্বে: ডিসি রোড<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তর-পূর্বে ইউছুব সরদার বাড়ি হয়ে পশ্চিমে সামসুদ্দিন মাষ্টারের বাড়ি হয়ে মেঘনা নদী<br>দক্ষিণে: রৌশন আলীর বাড়ির দক্ষিণ পার্শ্বের রাস্তা | সাবেক ওয়ার্ড ও ৮ নং ওয়ার্ডের পশ্চিম অংশ | | |
| ৭ | ৭নং ওয়ার্ড | ঈশ্বরগঞ্জ | ৬১ | – | পূর্বে: মেঘনা নদী।<br>পশ্চিমে: ডিসি রোড।<br>উত্তরে: মনপুরা হাইস্কুলের দক্ষিণ পার্শ্ব হতে ধীরেন্দ্র খনকার বাড়ির দক্ষিণ পার্শ্ব দিয়ে পূর্বে জাহাঙ্গীর মাঝির বাড়ি হয়ে মেঘনা নদী<br>দক্ষিণে: আকবর মিয়ার বাড়ি হয়ে পূর্বে কাশেম সরদার এর বাড়ি হয়ে মুজিব বর্ষের কলোনীর উত্তর পার্শ্ব হয়ে পূর্বে মেঘনা নদী | সাবেক ওয়ার্ড ও ৮ নং ওয়ার্ডের পূর্ব অংশ | ৭, ৮, ৯ নং সাধারণ ওয়ার্ড নিয়ে ৩ নং সংরক্ষিত আসন | |
| ৮ | ৮নং ওয়ার্ড | ঈশ্বরগঞ্জ | ৬১ | – | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: ঈশ্বরগঞ্জ বায়তুল মামুর মসজিদের পশ্চিম পার্শ্বের খালের পূর্ব পাড়<br>উত্তরে: দুলাল বেপারীর বাড়ি হয়ে পূর্বে নুরনবী মাষ্টারের বাড়ি হয়ে মুজিব বর্ষের কলোনী হয়ে মেঘনা নদী<br>দক্ষিণে: ফকিরের দোন খালের উত্তর পাড় | সাবেক ওয়ার্ড ও ৯ নং ওয়ার্ডের পূর্ব অংশ | | |
| ৯ | ৯নং ওয়ার্ড | ঈশ্বরগঞ্জ | ৬১ | – | পূর্বে: বায়তুল মামুর মসজিদের পশ্চিম পার্শ্বের খালের পশ্চিম পাড়<br>পূর্বে: মেঘনা নদী<br>উত্তরে: রৌশন আলীর মাঝি বাড়ির দক্ষিণ পার্শ্বের রাস্তা<br>দক্ষিণে: ফকিরের দোন খালের উত্তর পাড় | সাবেক ওয়ার্ড ও ৯ নং ওয়ার্ডের পশ্চিম অংশ | | |

**নং ০৫.১০.০৯৬৫.০০০.০৩.০১৮.০১২.২২-২৯৫(১২)**—জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের ১৮-০৪-২০২২ খ্রি. তারিখের ০৫.১০.০৯০০.০০৪.০৩.০০৪.১২-৩০৭ (১৬২) নং স্মারক মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১২(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি আল-নোমান উপজেলা নির্বাহী অফিসার (অতিঃ দাঃ) মনপুরা, ভোলা অত্র উপজেলাধীন ০৫ নং কলাতলী ইউনিয়নের ওয়ার্ড বিভক্তির নিমিত্তে অত্র কার্যালয়ের ১২-০৫-২০২২ খ্রি. তারিখের ০৫.১০.০৯৬৫.০০০.১৮.০১২.২২-২২১ নং স্মারক মারফত ডিলিমিটেশন অফিসার নিয়োগ করি। ডিলিমিটেশন অফিসার স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩ ধারার বিধান অনুযায়ী ০৫ নং কলাতলী ইউনিয়নের ওয়ার্ড বিভক্তির চূড়ান্ত/প্রস্তাবিত তালিকা প্রকাশ করেছেন:

এক্ষণে, আমি আল-নোমান উপজেলা নির্বাহী অফিসার (অতিঃ দাঃ), মনপুরা, ভোলা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩ ধারার বিধানমতে মনপুরা উপজেলাধীন ০৫ নং কলাতলী ইউনিয়নের ওয়ার্ড বিভক্তির চূড়ান্ত/প্রস্তাবিত তালিকা প্রকাশ করলাম:

| ক্রঃ নং | ওয়ার্ড নং | মৌজার নাম | জেএল নং | জনসংখ্যা/ ভোটার সংখ্যা | ওয়ার্ডের সীমানা | সাবেক ওয়ার্ড | সংরক্ষিত আসনের ওয়ার্ড |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১নং ওয়ার্ড | কাজির চর | - | | পূবে: উত্তর-দক্ষিণে মেইন রাস্তার পশ্চিম পার্শ্ব<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তরে: মেঘনা নদী<br>দক্ষিণে: মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড | ১, ২, ৩ নং সাধারণ ওয়ার্ড নিয়ে ১ নং সংরক্ষিত আসন |
| ২ | ২নং ওয়ার্ড | কাজির চর | – | | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: উত্তর-দক্ষিণে মেইন রাস্তার পূর্ব পার্শ্ব<br>উত্তরে: মেঘনা নদী<br>দক্ষিণে: মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড | |
| ৩ | ৩নং ওয়ার্ড | চরখালেক | - | | পূর্বে: মেইন রাস্তার পশ্চিম পার্শ্ব<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তরে: মেঘনা নদী<br>দক্ষিণে: মনির বাজারের রাস্তার উত্তর পার্শ্ব হয়ে সোজা পশ্চিমে মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড | |

| ক্রঃ নং | ওয়ার্ড নং | মৌজার নাম | জেএল নং | জনসংখ্যা/ ভোটার সংখ্যা | ওয়ার্ডের সীমানা | সাবেক ওয়ার্ড | সংরক্ষিত আসনের ওয়ার্ড |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ৪নং ওয়ার্ড | চরখালেক | – | | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: মেইন রোর্ডের পূর্ব পার্শ্ব<br>উত্তরে : মেঘনা নদী<br>দক্ষিণে: মনির বাজারের রাস্তার উত্তর পার্শ্ব হয়ে সোজা পূর্বদিকে মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড | ৪, ৫, ৬ নং সাধারণ ওয়ার্ড নিয়ে ২নং সংরক্ষিত আসন |
| ৫ | ৫নং ওয়ার্ড | চরখালেক | - | | পূর্বে: মনির বাজার টু আমির বেপারীর দোকান পর্যন্ত মেইন রাস্তার পশ্চিম পার্শ্ব<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তরে: মনির বাজার টু কবির বাজার হয়ে পশ্চিম দিকে নদী পর্যন্ত রাস্তার দক্ষিণ পার্শ্ব<br>দক্ষিণে: আমির বেপারীর দোকান ও ঘোলের খালের উত্তর পার্শ্ব দিয়ে পশ্চিমে মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড | |
| ৬ | ৬নং ওয়ার্ড | কলাতলী | ৫৭ | | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: মনির বাজার টু মিয়া জমির শাহ বাজার পর্যন্ত মেইন রাস্তার পূর্ব পার্শ্ব<br>উত্তরে: মনির বাজার হতে পূর্ব দিকে আবাসন বাজার হয়ে পূর্বে নদী পর্যন্ত রাস্তার দক্ষিণ পার্শ্ব<br>দক্ষিণে: মিয়া জমির শাহ বাজারের পূর্ব দিকে সোজা রেডক্রিসেন্টের উত্তর পার্শ্ব ও মহিষ খালের উত্তর পার্শ্ব দিয়ে নদী পর্যন্ত | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড | |
| ৭ | ৭নং ওয়ার্ড | মাঝগ্রাম | ৫৬ | | পূর্বে: আমির বেপারীর ঘরের উত্তর পার্শ্ব থেকে অফিস খাল হয়ে সোজা নদী পর্যন্ত রাস্তার পশ্চিম পার্শ্ব<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তরে: আমির বেপারীর দোকানের উত্তর পার্শ্ব দিয়ে ঘোলের খালের দক্ষিণ পার্শ্ব হয়ে নদী পর্যন্ত<br>দক্ষিণে: মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ১ নং ওয়ার্ড | ৭, ৮, ৯ নং সাধারণ ওয়ার্ড নিয়ে ৩ নং সংরক্ষিত আসন |
| ৮ | ৮নং ওয়ার্ড | কলাতলী | ৫৭ | | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: মিয়ার জমির শাহ বাজার থেকে দক্ষিণ দিকে মহিষ খালের পার্শ্ব দিয়ে নদী পর্যন্ত<br>উত্তরে: মিয়ার জমির শাহ বাজার থেকে পূর্ব দিকে মহিষ খালের পার্শ্ব দিয়ে নদী পর্যন্ত<br>দক্ষিণে: মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ২ নং ওয়ার্ড | |
| ৯ | ৯নং ওয়ার্ড | ঢালচর | ৭৬ | | পূর্বে: মেঘনা নদী<br>পশ্চিমে: মেঘনা নদী<br>উত্তরে: লস্কর বাতাণিয়ার বাড়ি থেকে পশ্চিম দিকে<br>দক্ষিণে : মেঘনা নদী | ১নং মনপুরা ইউনিয়নের সাবেক ৩ নং ওয়ার্ড | |

**আল-নোমান**
উপজেলা নির্বাহী অফিসার (অতিঃদাঃ)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী**
**(স্থানীয় সরকার শাখা)**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯/০৫ জুন ২০২২

**নং ০৫.৪৩.৮১০০.০১৬.১১.০০১.২১.৩৯২**—এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২২ ও স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখার ১৮ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.৪২.১৮.০০৭.২২.৬০৬ নং স্মারক পত্র মোতাবেক আমি আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহী ও সীমা নির্ধারণ কর্মকর্তা, জেলা পরিষদ (ওয়ার্ডের সীমা নির্ধারণ) বিধিমালা, ২০১৬ এর ৪, ৫ ও ৬ নং বিধি অনুযায়ী রাজশাহী জেলার ৯ (নয়) টি উপজেলাকে নিম্নোক্তভাবে ৯ (নয়)টি সাধারণ ও ৩ (তিন)টি সংরক্ষিত ওয়ার্ডে বিভক্ত করে চূড়ান্ত তালিকা প্রকাশ করলাম:

**জেলা পরিষদ, রাজশাহী এর বিভিন্ন ওয়ার্ডের সীমা নির্ধারণের চূড়ান্ত তালিকা**

| ক্রমিক নং | সাধারণ ওয়ার্ড | অধিক্ষেত্রাধীন উপজেলা | সংরক্ষিত ওয়ার্ড | ওয়ার্ডের অধিক্ষেত্র |
|---|---|---|---|---|
| ১ | ১ | গোদাগাড়ী | সংরক্ষিত-১ | উপজেলা পরিষদ গোদাগাড়ী, গোদাগাড়ী উপজেলার পাকড়ী, গোদাগাড়ী, মাটিকাটা, বাসুদেবপুর, চরআষাড়িয়াদহ, গোগ্রাম, দেওপাড়া, মোহনপুর ও রিশিকুল ইউনিয়ন, কাঁকনহাট পৌরসভা এবং গোদাগাড়ী পৌরসভা। |

| ক্রমিক নং | সাধারণ ওয়ার্ড | অধিক্ষেত্রাধীন উপজেলা | সংরক্ষিত ওয়ার্ড | ওয়ার্ডের অধিক্ষেত্র |
|---|---|---|---|---|
| ২ | ২ | তানোর | | উপজেলা পরিষদ তানোর, তানোর উপজেলার চান্দুড়িয়া, সরঞ্জাই, তালন্দ, বাধাইড়, কলমা, পাচন্দর ও কামারগাঁ ইউনিয়ন, তানোর পৌরসভা এবং মুন্ডুমালা পৌরসভা। |
| ৩ | ৩ | পবা | সংরক্ষিত-১ | উপজেলা পরিষদ পবা, পবা উপজেলার পারিলা, বড়গাছি, দর্শনপাড়া, হড়গ্রাম, হরিপুর, দামকুড়া, হুজুরিপাড়া, হরিয়ান ইউনিয়ন, কাটাখালি পৌরসভা, নওহাটা পৌরসভা এবং রাজশাহী সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ড। |
| ৪ | ৫ | মোহনপুর | | উপজেলা পরিষদ মোহনপুর, মোহনপুর উপজেলার মৌগাছি, বাকশিমইন, ধুরইল, ঘাষিগ্রাম, জাহানাবাদ ও রায়ঘাটি ইউনিয়ন এবং কেশরহাট পৌরসভা। |
| ৫ | ৫ | দূর্গাপুর | সংরক্ষিত-২ | উপজেলা পরিষদ দূর্গাপুর, দূর্গাপুর উপজেলার পানানগর, মাড়িয়া, ঝালুকা, কিশমতগণকৈড়, জয়নগর, দেলুয়াবাড়ি ও নওপাড়া ইউনিয়ন এবং দূর্গাপুর পৌরসভা। |
| ৬ | ৬ | বাগমারা | | উপজেলা পরিষদ বাগমারা, বাগমারা উপজেলার গোয়ালকান্দি, নরদাশ, বাসুপাড়া, শ্রীপুর, গণিপুর, যোগীপাড়া, গোবিন্দপুর, হামিরকুৎসা, শুভডাঙ্গা, আউচপাড়া, দ্বীপপুর, কাচারীকোয়ালিপাড়া, মাড়িয়া, বড়বিহানলী, ঝিকড়া ও সোনাডাঙ্গা ইউনিয়ন, ভবানীগঞ্জ পৌরসভা এবং তাহেরপুর পৌরসভা। |
| ৭ | ৭ | পুঠিয়া | | উপজেলা পরিষদ পুঠিয়া, পুঠিয়া উপজেলার বেলপুকুরিয়া, বানেশ্বর, পুঠিয়া, জিউপাড়া, ভাল্লুকগাছি ও শিলমাড়িয়া ইউনিয়ন এবং পুঠিয়া পৌরসভা। |
| ৮ | ৮ | চারঘাট | সংরক্ষিত-৩ | উপজেলা পরিষদ চারঘাট, চারঘাট উপজেলার চারঘাট, শলুয়া, ভায়ালক্ষীপুর, ইউসুফপুর, নিমপাড়া ও সরদহ ইউনিয়ন এবং চারঘাট পৌরসভা। |
| ৯ | ৯ | বাঘা | | উপজেলা পরিষদ বাঘা, বাঘা উপজেলার মনিগ্রাম, গড়গড়ি, চকরাজাপুর, পাকুড়িয়া, আড়ানী, বাজুবাঘা ও বাউসা ইউনিয়ন, বাঘা পৌরসভা এবং আড়ানী পৌরসভা। |

**আব্দুল জলিল**
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সীমা নির্ধারণ কর্মকর্তা।